যুগান্তর

তারিখ 04 SEP 2007
পৃষ্ঠা ১ কলাম ৭

Report
৫১

ঢাবি রাবি জাবিসহ ৫টি বন্ধ থাকবে

# রোজার আগেই ২১টি বিশ্ববিদ্যালয় খুলবে

যুগান্তর রিপোর্ট

দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো বন্ধের সরকারি আদেশ প্রত্যাহার করা হয়েছে। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে উপাচার্যদের নিয়ে শিক্ষা উপদেষ্টার এক বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী সুবিধাজনক সময়ে ক্যাম্পাস খুলে দেবে। এর ফলে ঢাকা ও রাজশাহীসহ পাঁচটি বিশ্ববিদ্যালয় ছাড়া বাকি ২১টি বিশ্ববিদ্যালয় রমজানের আগেই খুলে দেয়া হচ্ছে। ঢাকা ও রাজশাহী শহরে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলো ঈদের আগে খুলছে না বলে আভাস পাওয়া গেছে। ২২ আগস্ট বিকালে সরকার এক আদেশে দেশের ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে।

শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে উপদেষ্টা আইয়ুব কাদরীর সভাপতিত্বে বৈঠকে ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য উপস্থিত ছিলেন। বিকাল সোয়া ৩টায় শুরু হওয়া বৈঠক প্রায় তিন ঘণ্টা স্থায়ী হয়। বৈঠক শেষে উপদেষ্টা আইয়ুব কাদরী

খুলবে : পৃষ্ঠা ১০ : কলাম ২

## খুলবে : বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

বলেন, বিশ্ববিদ্যালয়গুলো নিজেদের অবস্থা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় খুলে দেবে। এ ব্যাপারে তারা নিজ নিজ সিন্ডিকেটে সিদ্ধান্ত নেবে। সরকারের এ ব্যাপারে কোন আপত্তি নেই। রোজার আগেই কিছু বিশ্ববিদ্যালয় খুলে যাবে। তবে ঢাকা শহরের বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাপট ভিন্ন বলে তিনি জানান। এক প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, তিতুমীর কলেজের দু'শ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে গুলশান থানায় ডেকে পাঠানোর খবর তিনি জানেন না। বিষয়টি তিনি দেখবেন বলে সাংবাদিকদের জানান।

ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় চারটি পাবলিক বিশ্ববিদ্যালয় রয়েছে। এগুলো হচ্ছে- ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। ঢাকার বাইরে রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েও গত ২১ ও ২২ আগস্ট গোলযোগ সৃষ্টি হয়।

শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠক সূত্র জানিয়েছে, ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে সৃষ্ট আতংক সম্পর্কে উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ করা হয়। বৈঠক শেষে উপদেষ্টা কাদরী সাংবাদিকদের বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ঘটনায় ইতিমধ্যে চার্জশিট দেয়া হয়েছে। ঢাকার ঘটনায়ও দু'একদিনের মধ্যে চার্জশিট দেয়া হবে। এটা চূড়ান্ত হয়ে গেলে আর সমস্যা থাকবে না। তখন উদ্বেগ-উৎকণ্ঠা থাকবে না। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অপরাধ যে করবে, তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে এটাই স্বাভাবিক।

মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, গতকালের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সরকারি আদেশ প্রত্যাহারের ব্যাপারে আজ পত্র পাঠানো হবে।

### সরকারি কলেজ খুলছে

২২ আগস্ট পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে বিভাগীয় শহরের সরকারি-বেসরকারি কলেজগুলোও বন্ধ ঘোষণা করা হয়েছিল। এসব কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদও উপস্থিত ছিলেন। উপদেষ্টা আইয়ুব কাদরী এ ব্যাপারে বলেন, সভায় সরকারি-বেসরকারি কলেজের ব্যাপারে আলোচনা হয়নি। দু'একদিনের মধ্যে এগুলোর ব্যাপারে সিদ্ধান্ত আসছে বলে জানান তিনি।

### ঢাবি ও রাবির উপাচার্যের বক্তব্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয় পর্যায়ে আলোচনা শেষে নিজ নিজ সিন্ডিকেট ক্যাম্পাস খুলবে। সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেয়া হয়েছে। তিনি বলেন, সাধারণ ছাত্র-শিক্ষকদের আতংকে থাকার কারণ নেই। এটা মন্ত্রণালয়ও বিশ্বাস করে। বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে তিনি বলেন, এ ব্যাপারে শিক্ষকদের অনুভূতি হচ্ছে ঈদের পর খুললে ভালো হয়। কারারুদ্ধ দুই শিক্ষক প্রসঙ্গে উপাচার্য বলেন, তাদের ব্যাপারে আলোচনা অব্যাহত রয়েছে। যেহেতু বিষয়টি আইনি প্রক্রিয়ায় রয়েছে, তাই এর আইনি সমাধান কাম্য।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আলতাফ হোসেন বলেন, আমরা সবাই সমাজে বসবাস করি। আটক শিক্ষকদের ব্যাপারে সবাই চিন্তিত। আসলে আইনি প্রক্রিয়ায় যারা জড়িয়ে পড়েছেন তাদের ব্যাপারে কেউ মুখ খুলতে চান না। রোজার আগে বিশ্ববিদ্যালয় খোলার সম্ভাবনা নেই। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অন্য সময় হলে হয়তো সিনিয়র শিক্ষকদের নিয়ে বসে ক্যাম্পাস খোলার ব্যাপারে একটি সিদ্ধান্ত নেয়া যেত। কিন্তু এ পর্যায়ে পারিপার্শ্বিক অনেক কিছু ভাবতে হবে।